

হাদীস সম্ভার

হাদিস নম্বরঃ ৩১০৭

২৭/ আদব

পরিচ্ছেদঃ ঠেস দিয়ে বসে আহাৰ করা অপছন্দনীয়

আরবী

عَنْ أَبِي جُحَيْفَةَ وَهَبِ بْنِ عَبْدِ اللَّهِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ ﷺ لَا أَكُلُ مُتَكِنًا رواه البخاري

বাংলা

(৩১০৭) আবু জুহাইফা অহাব ইবনে আব্দুল্লাহ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, আমি হেলান দিয়ে বসে আহাৰ করি না। (বুখারী ৫৩৯৮)

ফুটনোট

ইমাম খাওবাবী (রাঃ) বলেন, ‘এখানে হেলান দিয়ে বসার মানে হচ্ছে নিচে কোন নরম গদি বা আসনে চেপে বসা। উদ্দেশ্য হল, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অধিক ভোজনবিলাসী পেটুক মানুষের মত কোন গদিতে চেপে বা ঠেস বালিশে হেলান দিয়ে বসতেন না এবং তিনি আরামের সাথে না বসে এমনভাবে হাঁটু দু’টি উঁচু করে বসতেন, যেন উঠে দাঁড়াবেন। তিনি যথা পরিমিতভাবে আহাৰ করতেন।’ এ হল ইমাম খাওবাবীর কথা। অন্যান্য উলামাগণ এ অর্থের দিকে ইঙ্গিত করেছেন যে, একপার্শ্বে ভর দিয়ে চেপে বসা হল হেলান দিয়ে বসা। আর আল্লাহই সর্বাধিক পরিজ্ঞাত।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহিদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ আবু জুহাইফাহ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=66855>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন